

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৩৭

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ তিনটি পাথর দিয়ে পবিত্রতা অর্জন করার ব্যাপারে নির্দেশ

ذِكْنُ الْأُمْرِ بِالِاسْتِطَابَةِ بِثَلَاثَةِ أَحْجَارٍ لِمَنْ أَرَادَهُ

আরবী

1437 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى بْنِ سَعِيدِ الْقَطَّانُ أَبُو صَالِحٍ قَالَ: حَدَّثِنِي أَبِي قَالَ: حَدَّثِنِي أَبِي عَنْ أَبِي عَنْ أَبِي هُرَيْرَةَ حَدَّثِنِي أَبِي قَالَ: حَدَّثِنِي ابْنُ عَجْلَانَ عَنِ الْقَعْقَاعِ بْنِ حَكِيمٍ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّمَا أَنَا لَكُمْ مِثْلُ الْوَالِدِ فَإِذَا ذَهَبَ أَحَدُكُمْ إِلَى الْغَائِطِ فَلَا يَسْتَقْبِلِ الْقِبْلَةَ وَلَا يَسْتَدْبِرْهَا وَلَا يَستطب بِيَمِينِهِ) وَكَانَ يَأْمُرُ بِثَلَاثَةِ أَحْجَارٍ وَيَنْهَى عَن الرَّوْث والرَّمَّة.

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1437 ا خلاصة حكم المحدث: حسن.

বাংলা

১৪৩৭. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "আমি তোমাদের জন্য পিতৃসমতুল্য, আমি তোমাদের (বিভিন্ন বিষয়) শিক্ষা দেই। যখন তোমরা টয়লেটে যাবে, তখন তোমরা কিবলাকে সামনের দিকে রাখবে না আবার পিছনের দিকেও রাখবে না এবং তোমাদের কেউ ডান হাত দিয়ে পবিত্রতা অর্জন করবে না।" রাবী বলেন, "তিনি তিনটি পাথর দিয়ে ইস্তিঞ্জা করার নির্দেশ দিতেন এবং গোবর ও হাডিড দ্বারা ইস্তিঞ্জা করতে নিষেধ করতেন।"[1]

ফুটনোট

[1] তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১২১; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/২৪-২৫; হুমাইদী: ৯৮৮; মুসনাদ আহমাদ: ২/২৪৭; ইবনু মাজাহ: ৩১৩; আবূ আওয়ানা: ১/২০০; সুনান বাইহাকী: ১/১০২; আবূ দাউদ: ৮; নাসাঈ: ১/৩৮; দারেমী: ১/১৭২; সহীহ মুসলিম: ২৬৫।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৬।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন